Mail Copy

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫১.১৩৪.২১- ২৫৭ তারিখঃ ১৫-০৫-২০২৩খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৯/০৪/২০২৩খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩১.০০৩.১২.৫২ নং স্মারক এর মাধ্যমে ৪০তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রথম যোগদানে অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের বিষয়ে প্রদত্ত পত্রটি আদিষ্ট হয়ে এতদসঙ্গে পৃষ্ঠাংকন করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

বরাবর,

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।

৬। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।

৭। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ জাকির হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

E:\Drive E\ridoy shikder\Office Order-Copy-2.docx333

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ,
বাস্তবায়ন-৩ অধিশাখা

নং- ০৭.০০.০০০০.১৬৩.৩১.০০৩.১২.৫২

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ৪০তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রথম যোগদানে অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান সংক্রান্ত।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক এর স্মারক ০৭.০৩.০০০০.০০৯.৩৩.৪৯৫.২১-২০৬ তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ৪০তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর অনুচ্ছেদ-১২ (৫) (ক) এর বিধান মোতাবেক ৯ম গ্রেডে সরাসরি নিয়োগের সময় ১টি অতিরিক্ত অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা এবং অনুচ্ছেদ-১২ (২)-এ উল্লিখিত অর্থ বিভাগের ১৩ মে ১৯৭৮ তারিখের স্মারক নং- ৫২২ এর ৩(এ) এর বিধান মোতাবেক ভেটেরিনারী সায়েন্স বা এনিমেল হাজব্যান্ডি ডিগ্রির জন্য ০১ (এক) টি অগ্রিম বেতনবৃদ্ধি সুবিধাসহ মোট ২(দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন।

০৯.০৪.২০২৩

(এস এম আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮৫৭৩৩

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৩.৪৯৫.২১- ২০৮ তারিখঃ ০৫-০২-২০২৩খ্রিস্টাব্দ।

প্রাপক

সিনিয়র সচিব
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা-১০০০।

**[দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব, বাস্তবায়ন অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।]**

**বিষয়ঃ ৪০ তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নব নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাগণের প্রথম যোগদানে অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ সিএএফও/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- সিএএফও/মঃওপ্রাঃ/বেতন নির্ধারণ/৩৬/৯১৭, তারিখঃ ২/১/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২।। সূত্রস্থ পত্রের মাধ্যমে ৪০তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত ১৫১ জন কর্মকর্তা বেতন নির্ধারনে প্রথম যোগদানের তারিখে অগ্রিম ইনক্রিমেন্টের প্রদানের বিষয়ে মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ৪০তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে ১৫১ জন কর্মকর্তাকে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগপ্রাপ্ত ১৫১জন কর্মকর্তাগণের মধ্যে ১২৩ জন ডিভিএম (ডক্টরস অব ভেটেনারী মেডিসিন) এবং ২৮ জন এ এইচ (এ্যানিমেল হাজব্যান্ড্রী) ডিগ্রিধারী। সংশ্লিষ্ট কর্মকর্তাগণের কোন কর্মকর্তা প্রথম যোগদানের তারিখে বেতন নির্ধরণে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর অনুচ্ছেদ ১২(৫) এর সংশোধনী মোতাবেক বিসিএস ক্যাডারের জন্য ০১(এক)টি , ১২(১)(ক) মোতাবেক ডিভিএম ও এ এইচ ডিগ্রি এম.বি.বি.এস ডিগ্রিধারীর সমপর্যায় বিবেচনা করে ০১ (এক)টি এবং ১২(১)(গ) মোতাবেক ভেটেরিনারি কাউন্সিলের লাইসেন্সকে চিকিৎসা অনুষদের লাইসেন্সের অনুরূপ বিবিচনা করে ০১ (এক)টি সর্বমোট ০৩(তিন)টি অগ্রিম ইনক্রিমেন্ট দাবী করেছেন। আবার কোন কোন কর্মকর্তা অনুচ্ছেদ ১২(৫) এবং ১২(১)(ক) মোতাবেক ০২ (দুই)টি অগ্রিম ইক্রিমেন্ট দাবী করেছেন।

০৩।। **(ক)** এস,আর,ও নং ১০৪-আইন/২০১৬ তারিখ ২০/০৪/২০১৬ খ্রি: এর মাধ্যমে সংশোধনকৃত জাতীয় বেতন স্কেল,২০১৫ এর অনুচ্ছেদ ১২(৫) মোতাবেক জাতীয় বেতন স্কেল,২০১৫ কার্যকর হইবার তারিখ হতে বিসিএস ক্যাডারভুক্ত এবং ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ একটি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন। সে মোতাবেক বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নিয়োগ প্রাপ্ত বর্নিত কর্মকর্তাগণ প্রথম নিয়োগে ০১ (এক)টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্য।

**(খ)** এস,আর,ও নং ৩৬৯-আইন/২০১৫ তারিখ ১৫/১২/২০১৫ খ্রি: এর মাধ্যমে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ,২০১৫ এর ১২(১)(ক) অনুচ্ছেদে ডিভিএম ও এ এইচ ডিগ্রির জন্য কোন অগ্রিম বেতন বৃদ্ধি প্রদানের বিষয় উল্লেখ নেই। তবে অর্থ মন্ত্রনালয়ের OFFICE O.M No MF(ID)-1-3/77/522 Dated 13 May,1978 এর অনুচ্ছেদ-৩(এ)মোতাবেক ভেটেরিনারী সায়েন্স বা এনিমেল হাজব্যান্ড্রি ডিগ্রিধারীর জন্য ০১ (এক) টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদানের নির্দেশনা রয়েছে এবং উক্ত আদেশ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২(২) অনুচ্ছেদে বলবৎ রাখা হয়েছে। এস,আর,ও নং৩৭০-আইন/২০১৫ এর মাধ্যমে স্ব-শাসিত ও রাষ্ট্রয়াত্ত প্রতিষ্ঠনের জন্য জারীকৃত জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১১(ক) অনুচ্ছেদে ভেটেরিনারী সায়েন্স বা এনিমেল হাজব্যান্ড্রি ডিগ্রির জন্য ০১(এক)টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রদানের আদেশ দেয়া হয়েছে। সুতরাং ডিভিএম এবং এ এইচ ডিগ্রির জন্য চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ,২০১৫ এর ১২(২) অনুচ্ছেদ মোতাবেক আরও ০১(এক) টি অগ্রিম বর্ধিত বেতন বৃদ্ধি প্রদান করা যেতে পারে।

**(গ)** জাতীয় বেতন স্কেল-২০১৫ এর অনুচ্ছেদ ১২(১)(গ) মোতাবেক কোন কর্মচারী যদি কোন চিকিৎসা অনুষদের লাইসেন্সধারী হন এবং যদি উক্ত লাইসেন্স তাঁহার পদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা হিসাবে নির্ধারিত থাকে, তাহা হলে উক্ত কর্মচারী নিয়োগ লাভের সময় ০১ (এক) টি অগ্রিম বেতন বৃদ্ধি পাবেন মর্মে নির্দেশনা রয়েছে। কিন্তু চিকিৎসা অনুষদের লাইসেন্সের সমপর্যায়ের লাইসেন্সধারীর জন্য অগ্রিম বেতন বৃদ্ধির আদেশ নেই এবং ভেটেরিনারি কাউন্সিলের লাইসেন্সকে চিকিৎসা অনুষদের লাইসেন্সের সমপর্যায় বিবেচান করার স্বপক্ষে সরকারি কোন আদেশ নেই বিধায় অনুচ্ছেদ ১২(১)(গ) মোতাবেক ০১(এক)টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্যতার বিষয়ে সংশয় দেখা দিয়েছে।

এমতাবস্থায়, মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ৪০তম বিসিএস (পশুসম্পদ) ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ,২০১৫ এর অনুচ্ছেদ ১২(২), ১২(১)(গ) এবং ১২(৫) মোতাবেক প্রথম যোগদানের তারিখে ০৩(তিন) টি অথবা ১২(২) এবং ১২(৫) মোতাবেক প্রথম যোগদানের তারিখে ০২(দুই) টি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন সে বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

5.2.23

(জোহরা তারা বেগম)
অতিঃ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) (অঃ দাঃ)
ফোনঃ ৮৩৯১০৯৫।